1290 I 1158 **5000Rs.**

**INDIA NON JUDICIAL**

৫০০০রু. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

... admissible under rule ... and ... u/s 5(i) of the W.B.L.R. Act 1955, duly stamped. Exempt from does not require stamp duty under the Indian Stamp Act 1899
Schedule 1A No ......23 A 1089
Fees paid ..............
Fee 4.50 paid in C.P.A. ...

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
19.3.98

। ১,০০০০০ এক লক্ষ টাকা পণে সাফ বিক্রয় কোবালা ।
***************************************

ক্রেতা :-
*****

শ্রীমতী বিজলী আইচ্ স্বামী শ্রী প্রমোদ আইচ্ জাতি হিন্দু
পেশা - গৃহস্থালী সাং - ভাতেন্ডা , থানা - রাজারহাট ,
জেলা উত্তর ২৪ পরগনা ।

বিক্রেতা :-
*******

শ্রী শরদিন্দু দে পিতা মৃত ইন্দুভূষণ দে জাতি খৃষ্টান
পেশা - ব্যবসা সাং - রেকজুয়ানী , থানা - রাজারহাট ,
জেলা উত্তর ২৪ পরগনা ।

Serial No. 13239

Sold to Bijali Aich

of Khatenda, Rajarhat [illegible]

Calcutta Collectorate,

Treasury

Date 1/8 1992

Treasurer

Presented for registration at 12-20 on the 19th of March 1998 at Bidhan Nagore Sub-Registry office Executants/claimants Saradindu Dey

authenticated by the ...

Registrar of ...

Addl. District Sub-Registrar

Bidhannagar (Salt Lake)

শরদিন্দু দে

Addl. District Sub-Registrar

Bidhannagar (Salt Lake)

১৯.৩.৯৮

শরদিন্দু দে



1714

Saradindu Dey

S/O. Lt. Indra Bhusan Dey

of Rekjoani

P.S. Rajarhat Dist.

By Cast Hindu/Muslim Christian

By Prof. Service/H/Wife/Cultivator Business

Tarun Kumar Das

S/O. Lt. Hari Charan Das

of Rajarhat

P.S. ... Dist.

By Cast Hindu/Muslim

By Prof. Service/H/Wife/Cultivator

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

Addl. District Sub-Registrar

Bidhannagar (Salt Lake)

19.3.98

কস্য সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্যঞ্চাগে-

জেলা উত্তর ২৪ পরগনা, থানা - রাজারহাট, সাবরেজিস্ট্রী অফিস কাশীপুর দমদম বর্তমান সাবরেজিষ্ট্রী অফিস বিধান নগর সল্টলেক সিটি কলিকাতা পরগনার মৌজা রেকজুয়ানী গ্রামের ১৭২ নং তৌজির অধিন মালেক বর্তমানে পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগনা কালেকটার মহোদয় অধিকারে সাবেক ১৫১৪ নং হাল ১৮৪২ নং খতিয়ানভুক্ত হাল - ৩৭০ নং দাগস্থিত ডাঙ্গা জমি .০২ শতক মধ্যে .০১ শতক জমি সহ উক্ত - রেকজুয়ানী মৌজার এবং উক্ত রাজারহাট থানার অন্তর্গত ভাতেন্ডা মৌজার অন্যান্য জমাজমি যাহা আমার পিতা ইন্দুভূষণ দে মহাশয়ের খাস স্বত্ব দখলী সম্পত্তি থাকাবস্থায় পরলোক গমন করিলে তাহার তৎত্যাক্ত সম্পত্তি তাহার পুত্র আমি অত্র দলিলের বিক্রেতা এবং আমার সহোদর দুই ভ্রাতা গৌর মোহন দে, দেবাশীষ দে এবং মাতা ও ভগ্নী আমরা সকলে পৈতৃক স্বত্ব ও স্বামীর স্বত্ব ওয়ারেশান উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত হইয়া ইংরাজী ৬।২।১৯৮৮ তারিখে বিধান নগর সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ৮৫৩ নং এককেতা বন্টন নামা দলিল মূলে আমি আমার অপর সহোদর দুই ভ্রাতা, মাতা ও ভগ্নী দীগর একমতাবলম্বী হইয়া নিজ নিজ অংশের জমাজমি বিভাগ বন্টন করিয়া লই। তৎপরে বিগত ইংরাজী - ১০।১।১৯৯২ তারিখে বিধান নগর সল্টলেক সিটি সাবরেজিস্ট্রী অফিসের রেজিস্ট্রীকৃত ১ নং বহির ১৮-৫ নং ভল্যুমের ২৩৫-২৪৯ নং পাতায় নকলকৃত ৮৫২২ নং এককেতা বন্টন নামা দলিল মূলে আমি এবং আমার অপর সহোদর উক্ত গৌরমোহন দে, দেবাশীষ দে, ভ্রাতাদ্বয়ের সহিত নিজ নিজ অংশের জমাজমি কৃত চিহ্নিত মতে নির্দিষ্ট করিয়া আপোষে বিভাগ বন্টন করিয়া লই।

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
19 '3 98

বিভাগ বন্টন কালীন বন্টন নামা দলিলের ( গ ) তপশীল বর্ণিত রেকজুয়ানী মৌজার সাবেক ১৫১৪ নং হাল - ১৮৪২ নম্ব খতিয়ান ভুক্ত হাল দাগ নং ৩৭০ দাগস্থিত - ডাঙ্গাঁ জমি .০২ শতক মধ্যে .০১ শতক জমি এবং উক্ত মৌজার অন্যান্য দাগের জমি এবং ঐ থানার অন্তর্গত ভাতেন্ডা মৌজার জমি সহ সর্ব্বমোট দুইটি মৌজার ৪টি দাগস্থিত .৭৫৭৫ শতক জমি আমি অত্র কোবালা দলিলের বিক্রেতা আমার অংশে কৃত চিহ্নিত মতে নির্দ্দিষ্ট হয় । সেমতে আমি আমার নিজাংশের প্রাপ্ত জমাজমিতে নিব্যূঢ় স্বত্বে খাসে অন্যের নিরাংশে সর্ব্ব প্রকার উপস্বত্বাদি গ্রহনে নির্ব্বিবাদে এযাবৎকাল ভোগদখল করিয়া আসিতেছি। যাহা আমার বিক্রয়াদির যোগ্য উক্ত নিব্যূঢ় স্বত্বাধিকার বর্ত্তমান আছে ।

এক্ষনে আমার নানা প্রকার বৈধ কার্য্যের জন্য নগদ টাকার প্রয়োজনে আমার খাস স্বত্ব দখলী সম্পত্তি মধ্যে রেকজুয়ানী মৌজার হাল - ৩৭০ নং দাগস্থিত ডাঙ্গাঁ জমি অত্র দলিল সংলগ্ন প্ল্যানে চিহ্নিত লাল রেখার দ্বারা সীমাবদ্ধ .০১ শতক জমি স্থানীয় সরো - জমিনের মাপ সুরত .০০১২ শতকাংশ স্থানীয় মাপে ১ ছটাক জমি সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় খাসে আমার দখলে থাকাকালীন আমি সাফ বিক্রয় ঘোষনা করিলে আপনি অত্র দলিলের ক্রেতা খরিদ করিতে ইচ্ছুক হইয়া বর্ত্তমান বাজার দরে সর্ব্বোচ্চ মূল্য মং - ১০০০০০ এক লক্ষ টাকা পন বাবদ দিতে স্বীকৃত হওয়ায় আমি তাহাতে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে পনের সম্পূর্ন - ১,০০০০০ টাকা নিম্ন জায় - মোতাবেক বুঝিয়া পাইয়া উক্ত টাকার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল মূলে নিম্ন তপশীল বর্ণিত ১ নয় ছটাক জমি আপনার নিকট সাফ বিক্রয় করিয়া অত্র বিক্রীত সম্পত্তি হইতে আমি এককালীন চিরনিঃস্বত্ব দখলচ্যুত হইলাম ।

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
19.3.98

এবং অত্র বিক্রীত সম্পত্তিতে আপনাকে অদ্যই খোলসা খাস দখল ছাড়িয়া দিলাম। আপনি অদ্যকার তারিখ হইতে আমার নির্ব্যুঢ় স্বত্বে স্বত্ববান, ভোগবান, মালিক দখলীকার হইয়া মালেকান সরকারে স্থানীয় পঞ্চায়েত অফিসে আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন করতঃ নিরূপীত খাজনা ও ট্যাকসাদি আদায়ে খারিজ দাখিল লইয়া দান বিক্রয় বন্ধক ইত্যাদি সর্ব্বপ্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে এবং সর্ব্বপ্রকারের স্বত্বাধিকারী হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারেশান স্থলাভিষিক্ত গণক্রমে যদিচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগদখল করিতে থাকুন।

অত্র বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব সামিত্ব সংস্রব লভ্য, হক, হকিয়ৎ ও অধিকারাদি ছিল বা আছে তাহা সমস্তই অদ্যকার তারিখ হইতে আমার হতে রদ রহিত ও লোপ পাইয়া অত্র কোবালার বলে সম্পূর্ন রূপে আপনাতে বর্তিল।

কস্মিনকালে অত্র বিক্রীত সম্পত্তিতে আমি কিম্বা আমার ওয়ারেশান স্থলাভিষিক্ত গণক্রমে কাহারো কোন প্রকার দাবি দাওয়া কিম্বা ওজরাপত্য চলিবে না, করিলেও তাহা সর্ব্বস্থলে সর্ব্বাদালতে বাতিল অগ্রাহ্য এবং নামঞ্জুর হইবে।

অত্র বিক্রীত সম্পত্তি আমি ইতি পূর্বে কোথায়ও কাহারও নিকট বিক্রীর চুক্তিতে লিখিত বা মৌখিক ভাবে আবদ্ধ হই নাই, বা উহা কোন জামিনের দায়ে দায় সংযোগাদি করি নাই, বা উহা কোন এ্যাকুইজিশান বা রিকুইজিশানের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে, বা উহা কোন সরকারী বা আধাসরকারী প্রতিষ্ঠান হইতে বা পি, ডাব্লু, ডি, বিভাগ হইতে গৃহীত হয় নাই বা উহা কোন আদালতের বিষয়ভূত সম্পত্তি নহে, বা উহা কোন নীলামকৃত বা ট্রাষ্টভুক্ত সম্পত্তি নহে বা উহাতে অপর কোন সরীক বা অংশীদার নাই, বা উহা

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
19-3-98

কোন সমাজ উন্নয়ন মূলক কোন প্রতিষ্ঠানে বা দেবসেবায় অর্পনাদি করি নাই, বা উহা মেগাসিটি টাউনসীপ এ্যাক্টের বহির্ভূত সম্পত্তি হইতেছে। আমি কাহারো বেনামদার নহি উহা সম্পূর্ন নিস্দায় ও নির্দোষ অবস্থায় খাসে আমার দখলে থাকাকালীন আমি আপনার নিকট সাফ বিক্রয় করিলাম।

ভবিষ্যতে কোন প্রকার তঞ্চকতা প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্ব দখলের কোনরূপ বিঘ্ন বা ক্ষতি হয় কিম্বা আপনার খরিদা সম্পত্তির কোন অংশ হইতে বেদখল হন তাহা হইলে আপনার সম্পূর্ন ক্ষতি পূরন করিয়া দিতে আমি ওয়ারেশান স্থলাভিষিক্ত গণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম ও রহিল।

অত্র কোবালা দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি হইলে আপনার খরিদা স্বত্ব সুদৃঢ় করনার্থে প্রয়োজন বোধে আপনার খরচায় আপনার বরাবর ভ্রমসংশোধন পত্র বা পরিপূরক দলিলাদি বিনা পনে বিনা ওজরে রেজিষ্ট্রী করিয়া দিতে আমি ওয়ারেশান গণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম ও রহিল। আমি পশ্চিমবঙ্গ সরকারের নিকট হইতে -১১২।২(৮১)এইচ১ - এন, টি, পি।১ এল- ১।৯৮ (১) ৯.২.৯৮ নং অর্ডার মূলে জমি হস্তান্তর করিবার অনুমতি লইয়াছি।

এতদর্থে আপন খুশিতে সুস্থ শরীরে অন্যের বিনানুরোধে দলিলের মর্ম্ম সমূহ পাঠ করিয়া মর্ম্মাদি সম্যক অবগত হইয়া এবং পনের সম্পূর্ন - ১,00000 এক লক্ষ টাকা নিম্ন জায় মোতাবেক বুঝিয়া পাইয়া উক্ত টাকার প্রাপ্তি স্বীকারে আপনার বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা দলিল নিম্নের স্বাক্ষরকারী সাক্ষীগনের সম্মুখে সহি সম্পাদন করিয়া রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন -১৪০৪ সালের - ৫ই চৈত্র, ইংরাজী - ১৯৯৮ সালের - ১৯শে মার্চ্চ।

Addl District Sub-Registr.
Bidhannagar (Salt Lake)
14.3.98

## । তপশীল বিক্রীত সম্পত্তি ।
******************

জেলা উত্তর ২৪ পরগনা, থানা - রাজারহাট, সাবরেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম বর্ত্তমান সাবরেজিষ্ট্রী অফিস বিধান নগর সল্টলেক সিটি কলিকাতা পরগনার মৌজা রেকজুয়ানী গ্রামের জে, এল, নং - ১৩, রে, সা, নং - ১৯৮, তৌজি নং - ১৭২, সাবেক খতিয়ান নং - ১৫৯৪ হাল খতিয়ান নং - ১৮৪২ ভুক্ত চার ধারা বিধি মতে রায়ত দখলী স্বত্বীয় জামিজমা মধ্যে হাল দাগ নং - ৩৭০ / তিন শত সত্তর দাগস্থিত ডাঙ্গাঁ জমি .০২ শতক তন্মধ্যে আমার নিজ দিং খাস দখলী .০১ শতক বর্ত্তমানে সরোজমিনে মাপ মুরত অত্র দলিল সংলগ্ন প্ল্যানে চিহ্নিত লাল রেখার দ্বারা সীমাবদ্ধ .০০৯২ শতকাংশ স্থানীয় মাপে ৯ নয় ছটাক ( নয় ছটাক ) জমি মায় যাবতীয় ইজমেন্ট বৃক্ষাদি রাস্তার চলাচলের অধিকার সর্ব্বপ্রকারের স্বত্বাধিকার সহ দরবস্ত হকুক সম্পত্তি সাফ বিক্রয় করিলাম। অত্র দলিল সংলগ্ন প্ল্যান দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

যাহার চৌহদ্দি :-
******* *****

উত্তরে - পি, ডাব্লু, ডি, রোড।

দক্ষিনে:- আর, এস, দাগ নং - ৩৬৮।

পূর্ব্বে :- আর, এস, দাগ নং - ৩৫৭।

পশ্চিমে - অত্র দাগের অংশ।

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
17-3-98

। ৭ ।

টাকার জায় :-
****************

১০০ টাকার নোট ১০০০ কেতায় মং - ১,০০০০০ এক লক্ষ টাকা নগদ
ব্ঝিয়া পাইলাম ।

সরাদিন্দু দে

মুসাবিদাকারক:-
**********************

শ্রী রমেশ মুখার্জী
সাং - রেকজুয়ানী , রাজারহাট
লাইন ডি, ডাক্ষুxন- ২৪ ।
কাশীপুর দমদম ।

টাইপকারক-
*************

পুতুল চ্যাটার্জী
সাং - দমদম অফিস।

ইসাদীগণ:-
************

Addl District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
19.3.98

Addl District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
24-3-98


Book No— I
Volume No— 31
Pages 357 to 366
Being No— 1158
for the year 19 98

SITE PLAN OF C. S. DAG NO-333 (PART), R.S. DAG NO. 370, C.S. KH. NO-1594, R.S. KH. NO-1842, AT MOUZA- RECKJUANI, J.L. NO. 13, R. S. NO-198, TOUZI NO-172, P.S.- RAJARHAT, DIST- N-24 PARGANAS, UNDER RAJARHAT-BISHNUPUR NO. I GRAM PANCHAYET, TOTAL AREA-9 CHITTACKS More/Less SHOWN IN "RED" BORDER.

VENDOR : SRI SHARADINDU DEY

VENDEE : SMT. BIJALI AICH W/O. SRI PROMOD AICH

SCALE : AVOID




শরদিন্দু দে

| COLOUR | REFERANCE | AREA K | AREA CH | AREA SFT. |
|---|---|---|---|---|
| | C. S. DAG NO- 333 (PART) | 0 | 9 | 0 |
| | R. S. DAG NO- 370 (PART) | | | |

Drawn By
Ashim Chakrabarty
Surveyor, Rajarhat
Reg. No. 502

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
19 3 98

Book No– I
Volume No– 31
Pages 365 to
Being No– 1158
for the year 19 98

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

সাফ বিক্রয় কোবালা -

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

মূল্য মং - ১০০০০০ এক লক্ষ টাকা মাত্র ।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

বাংলা - ৫ ই চৈত্র সাল - ১৪০৪

ইংরাজী - ১৯শে মার্চ, ১৯৯৮সাল ।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

ক্রেতা :- শ্রীমতী বিজলী আইচ্ ।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

বিক্রেতা :- শ্রী শরদিন্দু দে

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

মুসাবিদাকারক :- শ্রী রমেশ মুখার্জী

সাং - রেকজুয়ানী , রাজারহাট , লাইসেন্স

নং - ডি, আর X।-২৪ কাশীপুর দমদম ।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

টাইপকারক :- পুতুল চ্যাটার্জী -

সাং - দমদম অফিস ।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

২